

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ০২

এপ্রিল ১৮, ২০২৪
তারিখ : -----
বৈশাখ ০৫, ১৪৩১

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়গণ

**আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২৩(২) এবং Income-tax Ordinance, 1984 এর ধারা
53BB(2) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত সনদের কার্যকারিতা সংক্রান্ত স্পষ্টীকরণ।**

শিরোনামোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড-এর ৩১/০৩/২০২৪ তারিখের পত্র নং- ০৮.০১.০০০০.০৩০.২২.০০৫.২০.৫৭
এর প্রতি মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত পত্রে আয়কর আইন, ২০২৩-এর ধারা ১২৩(২) এবং Income-tax Ordinance, 1984-এর ধারা
53BB(2)-এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত সনদের কার্যকারিতার বিষয়ে স্পষ্ট করা হয়েছে, যা সংশ্লিষ্ট সকলকে
যথাযথ পরিপালন নিশ্চিত করার জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[করনীতি উইং]
আগারগাঁও, ঢাকা
www.nbr.gov.bd

নম্বর: ০৮.০১.০০০০.০৩০.২২.০০৫.২০.৫৭

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২৩(২) এবং Income-tax Ordinance, 1984 এর ধারা 53BB(2) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত সনদের কার্যকারিতা সংক্রান্ত স্পষ্টীকরণ।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৪৪-আইন/আয়কর-২৫/২০২৪, তারিখ: ৪ মার্চ ২০২৪ প্রকাশের পর হতে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২৩(২) এবং Income-tax Ordinance, 1984 এর ধারা 53BB(2) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ০৩ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত জারীকৃত সকল সনদের কার্যকারিতা সম্পর্কে স্পষ্টীকরণের প্রয়োজনীয়তা দেখা দেয়।

২৬ জুন ২০২৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং-২১০-আইন/আয়কর-০৫/২০২৩ রহিতক্রমে ৪ মার্চ ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৪৪-আইন/আয়কর-২৫/২০২৪ এর শর্তাবলির কারণে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২৩(২) এবং Income-tax Ordinance, 1984 এর ধারা 53BB(2) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ০৩ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত জারীকৃত সকল সনদ ৪ মার্চ ২০২৪ তারিখ হতে অকার্যকর বলে গণ্য হবে।

৪ মার্চ ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৪৪-আইন/আয়কর-২৫/২০২৪ এর আলোকে সকল শ্রেণির করদাতাগণকে প্রযোজ্যতা সাপেক্ষে ধারা ১২৩(২) এর অধীন নূতনভাবে সনদ গ্রহণ করতে হবে।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২৩ এর অধীন উৎসে কর কর্তনের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ কেবল ৪ মার্চ ২০২৪ তারিখের পর ১২৩(২) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত সনদ অনুযায়ী প্রযোজ্যক্ষেত্রে এবং প্রযোজ্যহারে উৎসে কর সংগ্রহ করবেন।

স্বাক্ষর ৩/৩/২০২৪

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড

নম্বর: ০৮.০১.০০০০.০৩০.২২.০০৫.২০.৫৭

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক (বাংলাদেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে সদয় বিতরণ এবং পরিপালন নিশ্চিতের নিমিত্ত)।

১। ধারা ১২৩(২) এর অধীন জারীকৃত সনদের কার্যকারিতা সংক্রান্ত স্পষ্টীকরণ।

২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

৩। কর কমিশনার, কর অঞ্চল-৪ ঢাকা।

৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার নিমিত্ত)।

৫। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড